



জাবিতে গোপনে ছাত্রীদের ছবি তুলে যুবদল নেতা আটক, মুচলেকায় মুক্তি



সাবেক যুবদল নেতা দেবশীষ চৌধুরী। ছবি: সংগৃহীত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) গভীর রাতে নারী শিক্ষার্থীদের গোপনে ছবি তোলায় অভিযোগে ধামরাই উপজেলা যুবদলের সাবেক এক নেতাকে আটক করেন শিক্ষার্থীরা। পরে তার ব্যক্তিগত গাড়িতে তল্লাশি চালিয়ে দুটি বিয়ারের বোতল উদ্ধার করা হয়। বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা শাখায় লিখিত মুচলেকা দেওয়ার পর তাকে ছেড়ে দেওয়া হয়।

বৃহস্পতিবার (২ জুলাই) দিবাগত রাত ১টার দিকে বিশ্ববিদ্যালয়ের বটতলা এলাকায় এ ঘটনা ঘটে। আটক দেবশীষ চৌধুরী ধামরাই উপজেলা যুবদলের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক বলে জানা গেছে।

ক্যাম্পাসে উপস্থিত কয়েকজন শিক্ষার্থী জানান, বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের এক নেতার আমন্ত্রণে দেবশীষ চৌধুরী বটতলায় নৈশভোজে অংশ নিতে আসেন। সেখানে অবস্থানকালে কয়েকজন ছাত্রী লক্ষ্য করেন, তিনি মোবাইল ফোন দিয়ে তাদের দিকে ক্যামেরা তাক করে ছবি তুলছেন। বিষয়টি নিয়ে প্রশ্ন করা হলে তিনি প্রথমে মোবাইল ফোন দেখাতে রাজি হননি। পরে শিক্ষার্থীদের চাপে ফোনের গ্যালারি খোলা হলে কয়েকজন নারী শিক্ষার্থীর ছবি পাওয়া যায় বলে অভিযোগ ওঠে।

এরপর উত্তেজিত শিক্ষার্থীরা তার ব্যবহৃত গাড়িতে তল্লাশি চালিয়ে দুটি বিয়ারের বোতল উদ্ধার করেন। পরে তাকে বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা শাখায় নিয়ে যাওয়া হয়। সেখানে কয়েক ঘণ্টা জিজ্ঞাসাবাদ শেষে লিখিত মুচলেকা নিয়ে তাকে ছেড়ে দেয় বিশ্ববিদ্যালয় প্রশাসন।

অভিযোগ অস্বীকার করে দেবশীষ চৌধুরী বলেন, তিনি ক্যাম্পাসের স্বাভাবিক কিছু ছবি তুলেছিলেন, যা হোয়াটসঅ্যাপে তার এক বোনকে পাঠানো হয়েছে। কোনো নারী শিক্ষার্থীকে লক্ষ্য করে ছবি তোলায় উদ্দেশ্য তার ছিল না।

গাড়িতে বিয়ারের বোতল খাকার বিষয়ে তিনি দাবি করেন, তার মদপানের বৈধ লাইসেন্স রয়েছে। সে কারণেই বোতল দুটি তার গাড়িতে ছিল।

এ ঘটনার পর ক্যাম্পাসে নিরাপত্তা ব্যবস্থা নিয়ে নতুন করে প্রশ্ন তুলেছেন শিক্ষার্থীরা। তাদের দাবি, বহিরাগতদের প্রবেশ ও চলাচলে আরও কঠোর নজরদারি নিশ্চিত করতে হবে, যাতে ভবিষ্যতে এমন ঘটনা আর না ঘটে।